

Dated: 29.05.2018

Enclosed is the news clipping appeared in the 'Aajkal,' a Bengali daily dated 29.05.2018, the news item is captioned 'আবাসিকদের জোর করে দেহব্যবসায়'

*J.P. of the Commission is directed to hold an enquiry and file a report within 2 weeks.*

~~Superintendent of Police, Murshidabad is directed to enquire into the matter and to submit a report by 10<sup>th</sup> July, 2018.~~

*G 29/5/18*

(Justice Girish Chandra Gupta )  
Chairperson

# আবাসিকদের জোর করে দেহব্যবসায়

স্নেহাশিস সৈয়দ

বহরমপুর, ২৮ মে

মুর্শিদাবাদে হোমের মহিলা আবাসিকদের জোর করে দেহব্যবসায় নামানোর অভিযোগ উঠল হোম কর্তৃপক্ষের বিরুদ্ধে। অভিযোগ, ওই হোমের এক আবাসিক দেহব্যবসায় রাজি না হওয়ায়, তাকে বেধড়ক মারধর করা হয়। পরে গুরুতর জখম অবস্থায় ওই আবাসিককে হোমের একটি ঘরে আটকে রাখা হয়। খবর পেয়ে পুলিশ এসে ওই আবাসিককে উদ্ধার করে। ঘটনার তদন্ত শুরু হয়েছে। স্থানীয় বাসিন্দারা ঘটনায় অভিযুক্ত হোমের বিরুদ্ধে ক্ষোভ প্রকাশ করেন। জানা গেছে, মুর্শিদাবাদের রেজিনগরে স্বেচ্ছাসেবী সংস্থা পরিচালিত একটি হোম রয়েছে। হোমটির বিরুদ্ধে বেশ কয়েকবার বিভিন্ন অভিযোগ উঠেছে। সংস্থাটি পাচার হয়ে যাওয়া মহিলাদের নিয়ে কাজ করে। কলকাতা, দিল্লি, মুম্বই প্রভৃতি জায়গায় পাচার হয়ে যাওয়া মহিলাদের নিষিদ্ধপল্লি থেকে উদ্ধার করে ওই হোমেই রাখা হয়। স্থানীয় বাসিন্দাদের অভিযোগ, বহুদিন ধরে হোম কর্তৃপক্ষ আবাসিকদের দিয়ে দেহব্যবসা করাচ্ছেন। কর্তৃপক্ষের কথা না মানলে তাদের মারধরও করা হয়। জোর করে রাতে ৩৪ নম্বর জাতীয় সড়কের ধারে থাকা ধাবাগুলিতে দেহব্যবসায় নামানো হত। গত শনিবার একই ভাবে এক আবাসিককে সেই কাজে পাঠাতে চেয়েছিলেন কর্তৃপক্ষ। কিন্তু সেই আবাসিক না যেতে না চাইলে তাকে মারধর শুরু করেন তাঁরা। সেই সময় ওই কিশোরী কোনও রকমে হোম থেকে পালিয়ে যায়। রবিবার হোম কর্তৃপক্ষ তাকে জাতীয় সড়কের পাশে বসে থাকতে দেখে হোমে নিয়ে যেতে জোর করেন। কিশোরীটি যেতে না চাইলে প্রকাশ্যেই তাকে মারধর শুরু করেন তাঁরা। স্থানীয়রা বাধা দেন।

